

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়,
শিক্ষা ভবন, ২য় ব্লক, ১৬ আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
ওয়েবসাইট www.dia.gov.bd ই-মেইল directordia@yahoo.com

স্মারক নং- ৩৭.১৯.০০০০.০৬১.২০.০০১.১৬

তারিখ : /০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ
পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১০ এপ্রিল'২০১৭ খ্রিঃ

সময় : বিকাল ৪.০০ ঘটিকা

স্থান : পরিচালকের অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

২.০ আলোচনা :

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী অত্র অধিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে ২,৯০০ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এখন পর্যন্ত মোট ১,৭৪৭ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে আরও ১,১৫৩ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা করা প্রয়োজন। বর্তমানে অফিসে কর্মকর্তাদের ৩৫ টি পদের মধ্যে ৮ টি পদ শূন্য থাকায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে গেছে। সভায় উপ পরিচালক জনাব মোঃ রাশেদুজ্জামান জানান যে, সীমিত জনবল দ্বারা চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে পরিদর্শন টিমের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। প্রতিটি পরিদর্শন কর্মসূচিতে ১৯ হতে ২০ টি টিম গঠন করা হলে প্রতিবারে ১৯০ হতে ২০০ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার আওতায় আনা সম্ভব হবে। এই হারে ৩০/০৬/২০১৭ পর্যন্ত সময়ের মধ্যে ৬ হতে ৭ টি পরিদর্শন কর্মসূচি পরিচালনা করা হলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.০ সিদ্ধান্ত :

৩.১ প্রতিটি পরিদর্শন কার্যক্রমের জন্য দক্ষতার ভিত্তিতে দক্ষ কর্মকর্তাদের দ্বারা একক টিমের সংখ্যা ১৯ হতে ২০ এ উন্নিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ চলতি অর্থ বছরের অবশিষ্ট সময়ে ৬ হতে ৭ টি পরিদর্শন কর্মসূচি পরিচালনা করে করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩ ইতোমধ্যে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে অথচ পরিদর্শন প্রতিবেদন জমা হয়নি সে ক্ষেত্রে পরিদর্শন কর্মকর্তাদের দ্রুততম সময়ের মধ্যে পরিদর্শন প্রতিবেদনসহ টি,এ/ডি,এ বিল সংশ্লিষ্ট বিভাগীয় শাখায় জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান।

৩.৪ অধিদপ্তরের চাহিদা ও বাজেট বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় ক্রয়ের কার্যক্রম সম্পন্ন করা।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ)

পরিচালক ও

সভাপতি, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন নং ৯৫৫২৮৫৮

চলমান পাতা-২

স্মারক নং- ৩৭.১৯.০০০০.০৬১.২০.০০১.১৬

তারিখঃ/০৪/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :-

- ১। জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম-পরিচালক, অত্র অধিদপ্তর।
- ২। জনাব মোঃ রাশেদুজ্জামান, উপ-পরিচালক, অত্র অধিদপ্তর।
- ৩। জনাব সৈয়দ জাফর আলী, উপ-পরিচালক, অত্র অধিদপ্তর।
- ৪। জনাব মোঃ ফারুক গাজী, প্রশাসনিক অফিসার(অতিরিক্ত দায়িত্ব), অত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল, হিসাব সহকারী কাম ক্যাশিয়ার, অত্র অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।

(প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ)
পরিচালক ও

সভাপতি, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন নং ৯৫৫২৮৫৮

